

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ আলিম ব্যক্তির জন্য আবশ্যক হলো মানুষকে আল্লাহর রহমত থেকে নিরাশ না করা

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ عَلَى الْعَالِمِ أَنْ لَا يُقَنِّطُ عِبَادَ اللَّهِ عَنْ رَحْمَةِ اللَّهِ

## আরবী

سَمِعْتُ أَبَا خَلِيفَةَ يَقُولُ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ بَكْرِ بْنِ الرَّبِيعِ بْنِ مُسْلِمٍ يَقُولُ سَمِعْتُ الربيع بن مسلم يقول سمعت محمدا يقول: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: مَرَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رَهْطٍ مِنْ أَصِحْابِهِ وَهُمْ يَضِحْكُونَ فَقَالَ: "لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَصَحَدَلُقَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رَهْطٍ مِنْ أَصِحْابِهِ وَهُمْ يَضِحْكُونَ فَقَالَ: "لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَصَحَدِكُتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ كَثِيرًا" فَأَتَاهُ جِبْرِيلُ فَقَالَ: إِنَّ اللَّهَ يَقُولُ لَكَ لِمَ تُقَيِّطُ عِبَادِي قَالَ: فَرَجَعَ إِلَيْهِمْ فَقَالَ: "سَدّدُوا وَقَارِبُوا وأبشروا"

قال أبو حاتم رضي الله تعالى عَنْهُ: "سَدِّدُوا" يُرِيدُ بِهِ كُونُوا مُسَدَّدِينَ وَالتَّسْدِيدُ لُزُومُ طَرِيقَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاتِّبَاعُ سُنَّتِهِ وَقَوْلُهُ: "وَقَارِبُوا" يُرِيدُ بِهِ لَا تَحْمِلُوا عَلَى الْأَنْفُسِ مِنَ التَّشْدِيدِ مَا لَا تُطِيقُونَ وَأَبْشِرُوا فَإِنَّ لَكُمُ الْجَنَّةَ إِذَا لَزِمْتُمْ طريقتي في التسديد وقاربتم في الأعمال.

الراوي: أبو هريرة | المحدث: شعيب الأرنؤوط | المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 113 | خلاصة حكم المحدث: صحيح على شرط مسلم

## বাংলা

১১৩. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদল সাহাবীর পাশ দিয়ে অতিক্রম করছিলেন, এসময় তাঁরা হাসাহাসি করছিলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদের বললেন, 'আমি যা জানি তোমরা যদি তা জানতে তবে কম হাসতে, বেশি বেশি কাঁদতে!' অতঃপর জিবরীল আলাইহিস সালাম এসে বললেন, মহান আল্লাহু আপনাকে বলেছেন: "আপনি কেন আমার বান্দাদেরকে নিরাশ করে দিচ্ছেন?" রাবী বলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদের কাছে পুনরায় ফিরে গিয়ে বললেন, "তোমরা সঠিক পথে চলো, যথাসাধ্য সঠিক পথের কাছাকাছি থাকতে সচেষ্ট থাকো, আর শুভসংবাদ গ্রহণ করো।"[1]



আবু হাতিম রহিমাহল্লাহ বলেন: التَّسْدِيدُ অর্থ: তোমরা সঠিক পথের অনুসারী হও, التَّسْدِيدُ অর্থ: রাসুল সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম এর পথ আকড়ে ধরা এবং তাঁর সুন্নাত অনুসরণ করা, اقَارِبُوا অর্থ: নিজের উপর এমন কঠিন কিছু চাপিয়ে নিবে না, যা পালন করতে পারবে না। তোমরা শুভসংবাদ গ্রহণ করো, কেননা যখন তোমরা আমার পথ সঠিকভাবে আকড়ে ধরবে এবং আমলের ক্ষেত্রে সঠিকতার কাছাকাছি থাকবে, তখন তোমাদের জন্য রয়েছে জান্নাত।"

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৬৩৭; সুনান বাইহাকী: ৭৫২; তিরমিযী: ২৩১৩। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহা: ৩১৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন